রেজিঃ ডাকযোগে

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, গাজীপুর
খন্দকার কমপ্লেক্স, নলজানী, জয়দেবপুর রোড, গাজীপুর
www.gazipurvat.gov.bd
[মূসক বাস্তবায়ন শাখা]

নথি নং- ০৮.০১.৩৩০০.০৩৭.০১২.০১.০১৪৮.২৬ তারিখঃ .০৬.২০২৬ খ্রি.।

**বিষয়: আমদানিকৃত পণ্য/যন্ত্রাংশ শিল্প কারখানায় স্থাপন ও ব্যবহার নিশ্চিতকরণ সম্পর্কিত প্রত্যয়ন প্রেরণ।**

সূত্র: ১। উত্তরা নিটিং এন্ড ডাইং লিমিটেড কর্তৃক দাখিলকৃত আবেদন, সূত্র:- নাই, তারিখ: ২১.০৪.২০২৬ খ্রি.; এবং
২। কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, গাজীপুর এর পত্র নং- ০৮.০১.৩৩০০.০৩৭.০১২.০১.০১৪৮.২৬/৬১৮(১-৪), তারিখ: ১২.০৫.২০২৬ খ্রি.।

উপর্যুক্ত বিষয় ও সূত্রসমূহের প্রতি আপনার সদয় দৃষ্টি আকর্ষণ করা হলো।

২। উত্তরা নিটিং এন্ড ডাইং লিমিটেড, (মূসক নিবন্ধন নং-০০০৯২৩০৪৯-১২০১) ঠিকানা: দক্ষিণ পানিশাইল, জিরানি, গাজীপুর সদর, গাজীপুর নামীয় প্রতিষ্ঠান কর্তৃপক্ষ কর্তৃক অভ্যন্তরীণ সম্পদ বিভাগের প্রজ্ঞাপন এসআরও নং- ১৬৯-আইন/২০২৪/২১/কাস্টমস, তারিখ: ২৯.০৫.২০২৪ খ্রি. (এসআরও নং- ২১৬-আইন/২০২৫/৩৮/কাস্টমস, তারিখঃ ২৯.০৫.২০২৫ খ্রি. দ্বারা সংশোধিত) মোতাবেক তাঁদের আমদানিকৃত উপকরণ, পণ্য উৎপাদনে ব্যবহার ও যন্ত্রাংশ স্থাপন বিষয়ে পরিশিষ্ট-৩ প্রদানের জন্য কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, গাজীপুর বরাবর আবেদন করা হয়। আবেদনের প্রেক্ষিতে প্রতিষ্ঠান পরিদর্শনপূর্বক সংশ্লিষ্ট প্রজ্ঞাপন মোতাবেক সুপারিশসহ প্রতিবেদন দাখিলের লক্ষ্যে অত্র দপ্তরের ০২ (দুই) জন কর্মকর্তার সমন্বয়ে সূত্রোক্ত-২ নং পত্রের মাধ্যমে একটি কমিটি গঠন করা হয়।

৩। গঠিত কমিটি কর্তৃক গত ১৭.০৫.২০২৬ খ্রি. তারিখ সরেজমিন বর্ণিত প্রতিষ্ঠানের কারখানা অঙ্গন পরিদর্শন করা হয় এবং ১৬.০৬.২০২৬ খ্রি. তারিখে একটি প্রতিবেদন দাখিল করা হয়। গঠিত কমিটি তাঁদের দাখিলকৃত প্রতিবেদনে উল্লেখ করে যে, উল্লিখিত প্রতিষ্ঠান কর্তৃক আমদানিকৃত উপকরণ বি/ই নং- সি-২৪১২৭৫, তারিখ : ১১.০৩.২০২৫ খ্রি. এর মাধ্যমে আমদানি করা হয়েছে এবং উক্ত উপকরণ পণ্য/যন্ত্রাংশ উৎপাদনে ব্যবহৃত হয়েছে।

৪। বর্ণিতাবস্থায়, অভ্যন্তরীণ সম্পদ বিভাগের সংশ্লিষ্ট প্রজ্ঞাপন মোতাবেক পরিশিষ্ট-৩ ইস্যুপূর্বক এতদ্সঙ্গে প্রেরণ করা হলো।

সংযুক্তি: ০১ (এক) পাতা।

স্বাঃ-
একেএম নুরুল হুদা আজাদ
কমিশনার
ই-মেইল: cc.gazipurvat@nbr.gov.bd

প্রাপক: সদস্য
(কাস্টমস: নীতি ও আইসিটি)
জাতীয় রাজস্ব বোর্ড, রাজস্ব ভবন, আগারগাঁও, ঢাকা।

নথি নং- ০৮.০১.৩৩০০.০৩৭.০১২.০১.০১৪৮.২৬/১২২৭(১-২) তারিখঃ৩০.০৬.২০২৬ খ্রি.।

অনুলিপি :

০১। কমিশনার, কাস্টমস হাউস, ঢাকা;
০২। উত্তরা নিটিং এন্ড ডাইং লিমিটেড, (মূসক নিবন্ধন নং-০০০৯২৩০৪৯-১২০১) ঠিকানা: দক্ষিণ পানিশাইল, জিরানি, গাজীপুর সদর, গাজীপুর ।

৩০/০৬/২৬

মোঃ আইয়ুব
সহকারী কমিশনার।



CS CamScanner

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, গাজীপুর
খন্দকার কমপ্লেক্স, নলজানী, জয়দেবপুর রোড, গাজীপুর
www.gazipurvat.gov.bd
[মূসক বাস্তবায়ন শাখা]

## পরিশিষ্ট-৩

[অভ্যন্তরীণ সম্পদ বিভাগের প্রজ্ঞাপন এসআরও নং-১৬৯-আইন/২০২৪/২১/কাস্টমস, তারিখ: ২৯/০৫/২০২৪ খ্রি. (এসআরও নং- ২১৬-আইন/২০২৫/৩৮/কাস্টমস, তারিখঃ ২৯.০৫.২০২৫ খ্রি. দ্বারা সংশোধিত) এর শর্ত-৪, ৬ ও ৭ দ্রষ্টব্য]

<table>
<tr><td>১</td><td>প্রতিষ্ঠানের নাম ও ঠিকানা</td><td>উত্তরা নিটিং এন্ড ডাইং লিমিটেড, (মূসক নিবন্ধন নং-০০০৯২৩০৪৯-১২০১)<br>ঠিকানা: দক্ষিণ পানিশাইল, জিরানি, গাজীপুর সদর, গাজীপুর।</td></tr>
<tr><td>২</td><td>নিরীক্ষাকাল/মেয়াদ</td><td>০১.০৩.২০২৫ খ্রি. হতে ৩০.০৬.২০২৫ খ্রি.।</td></tr>
<tr><td>৩</td><td>নিরীক্ষা মেয়াদে/ পরিদর্শনকালীন Table ভুক্ত আমদানিকৃত যন্ত্রপাতি/যন্ত্রাংশ/ উপকরণের বিল অব এন্ট্রিভিত্তিক নাম, বিবরণ ও পরিমাণ</td><td>আমদানিকৃত উপকরণ<br>Spare Parts
<table>
<tr><th>ক্র. নং</th><th>অফিসের নাম</th><th>বি/ই নং ও তারিখ</th><th>আইটেম নং</th><th>আমদানিকৃত পণ্যের নাম</th><th>পণ্যের পরিমাণ (কেজি)</th></tr>
<tr><td>১</td><td>কাস্টমস হাউস, ঢাকা</td><td>সি-২৪১২৭৫<br>তারিখ : ১১.০৩.২০২৫</td><td>১</td><td>Textile Felts For Compactor Machine</td><td>১৫০.০০ কেজি</td></tr>
</table></td></tr>
<tr><td>৪</td><td>কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট কর্তৃক নিরীক্ষায় প্রাপ্ত ফলাফল</td><td>উক্ত প্রতিষ্ঠান কর্তৃক কাস্টম হাউস, ঢাকা এর বি/ই নং- সি-২৪১২৭৫, তারিখ : ১১.০৩.২০২৫ খ্রি. এর মাধ্যমে আমদানিকৃত যন্ত্রাংশ কারখানায় স্থাপন করা হয়েছে।</td></tr>
<tr><td>৫</td><td>ক্রমিক নং ৩ ও ৪ এর পরিপ্রেক্ষিতে কমিশনারেটের পর্যবেক্ষণ/সুপারিশ/ পদক্ষেপ</td><td>আলোচ্য প্রতিষ্ঠান কর্তৃক অভ্যন্তরীণ সম্পদ বিভাগের প্রজ্ঞাপন এসআরও নং- ১৬৯-আইন/২০২৪/২১/কাস্টমস, তারিখ: ২৯/০৫/২০২৪ খ্রি. (এসআরও নং- ২১৬-আইন/২০২৫/৩৮/কাস্টমস, তারিখঃ ২৯.০৫.২০২৫ খ্রি. দ্বারা সংশোধিত) এর শর্ত মোতাবেক বর্ণিত বিল অব এন্ট্রির এর মাধ্যমে আমদানিকৃত উপকরণ পণ্য উৎপাদনে ব্যবহৃত হয়েছে বিধায় প্রতিষ্ঠান কর্তৃক দাখিলকৃত অঙ্গীকারনামা ফেরত প্রদান করা যেতে পারে।</td></tr>
</table>


একেএম নুরুল হুদা আজাদ
কমিশনার
ই-মেইল: cc.gazipurvat@nbr.gov.bd


তারিখ:




CS CamScanner